হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়



স্বপ্ন পূরণের কথা জানালেন ফারিয়া - পৃষ্ঠা-৩

সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজ
স্বপ্ন অধ্যয়ন অধ্যবসায়
স্থাপিতঃ-২০১৮
গাংনী, মেহেরপুর

বর্ষ ৩ ঃ সংখ্যা-১৭৯ ঃ মেহেরপুর- মঙ্গলবার ৮ জুলাই ২০২৫ ইং ঃ ২৪ আষাঢ় ১৪৩২ বাংলা ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা




## ৮ জুলাই : সারাদেশে ৬৫ সদস্যের সমন্বয়ক কমিটি গঠন, দাবি আদায়ে সরকারকে ৩ দিনের আল্টিমেটাম

নিজস্ব প্রতিবেদক

সরকারি চাকরিতে কোটাব্যবস্থা বাতিলের দাবিতে ২০২৪ সালের ৮ জুলাই দ্বিতীয় দিনের মতো সারাদেশে 'বাংলা ব্লকেড' কর্মসূচি পালন করেন আন্দোলনরত শিক্ষার্থীরা।

এদিন কেন্দ্রীয়ভাবে রাজধানীর শাহবাগের পাশাপাশি ইন্টারকন্টিনেন্টাল হোটেলের সামনের মোড়, বাংলামটর, মিন্টো রোড, ফার্মগেট, কারওয়ান বাজার, কাঁটাবন, নীলক্ষেত, সায়েন্সল্যাব, চানখাঁরপুল, গুলিস্তান জিরো পয়েন্টসহ ঢাকার বিভিন্ন এলাকায় সড়ক অবরোধ করে বিক্ষোভ করেন আন্দোলনকারীরা। এছাড়াও দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজের চাকরিপ্রত্যাশী শিক্ষার্থীরা ঢাকামুখী সড়ক ও রেলপথ অবরোধ করেন।

২-এর পৃষ্ঠা দেখুন




# মেহেরপুরে কমিউনিটি ক্লিনিকে ওষুধ সংকট

## বিপাকে গ্রামের মানুষ

নিজস্ব প্রতিবেদক, মেহেরপুর

মেহেরপুর সদর উপজেলার বিভিন্ন কমিউনিটি ক্লিনিকে দীর্ঘ ছয় মাস ধরে ওষুধ সংকট চলছে। গত বছরের ডিসেম্বরের পর থেকে এসব ক্লিনিকে আর কোনো ওষুধ সরবরাহ করা হয়নি। এতে করে চরমভাবে ব্যাহত হচ্ছে গ্রামের সাধারণ মানুষের স্বাস্থ্যসেবা। দ্রুত ওষুধ সরবরাহের দাবি জানিয়েছে ভুক্তভোগী গ্রামবাসী।

জেলায় ৭১টি কমিউনিটি ক্লিনিকে খোঁজ নিয়ে জানা গেছে, প্রাথমিক চিকিৎসার জন্য প্রয়োজনীয় সর্দি-কাশি, জ্বর, ব্যথা বা পাতলা পায়খানার মতো সাধারণ রোগের ওষুধ পর্যন্ত পাওয়া যাচ্ছে না। ফলে প্রতিদিন চিকিৎসা নিতে এসে ওষুধ না পেয়ে হতাশ হয়ে ফিরতে হচ্ছে রোগীদের। ফলে কমিউনিটি ক্লিনিক কেন্দ্রিক চিকিৎসা সেবার প্রতি ভরসা হারাচ্ছে গ্রামীণ জনগোষ্ঠী। কেউ কেউ আবার আর্থিক অসচ্ছলতার কারণে ওষুধ কিনে খেতে পারছেন না। ফলে দিন দিন শারীরিক অবস্থার আরও অবনতি ঘটছে বলে জানিয়েছেন স্থানী-য়রা। বুড়িপোতা মাঝ পাড়ার বাসিন্দা রওশন আরা (৫২) জানান, জ্বর ও গলাব্যথা নিয়ে ক্লিনিকে গিয়েছিলাম। তারা শুধু প্রেসক্রিপশন দিয়েছে, কিন্তু একটা ট্যাবলেটও দেয়নি। বাজার থেকে ওষুধ কিনে খাওয়ার সামর্থ্য কি সবার থাকে? টুঙ্গির সালাম বলেন, পেটের সমস্যার কারনে ক্লিনিকে গিয়েছিলাম সেখানে

২-এর পৃষ্ঠা দেখুন

# ঐতিহ্য ও সংস্কৃতির উৎসব: কুতুবপুরের শতবর্ষী মহরমের মেলা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের কুতুবপুর গ্রামে প্রতি বছর মহররমের ১০ তারিখে অনুষ্ঠিত হয় একটি ব্যতিক্রমধর্মী মেলা যেটি কেবলমাত্র বিনোদনের আয়োজন নয়, বরং শতবর্ষী এক ঐতিহ্য, যার শিকড় প্রোথিত রয়েছে এ অঞ্চলের ধর্মীয় ও সামাজিক চেতনায়। এ মেলার মাধ্যমে যেমন ফুটে ওঠে স্থানীয়দের আন্তরিকতা ও সম্প্রীতির বার্তা, তেমনি প্রতিফলিত হয় গ্রামীণ জীবনধারার ঐতিহাসিক ও সাংস্কৃতিক উত্তরাধিকার।

কুতুবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে আয়োজিত এই দিনব্যাপী মেলা ঘিরে উৎসাহ-উদ্দীপনার কোনো কমতি ছিল না। হাজারো মানুষ ভোর থেকেই সমবেত হন মেলার মাঠে। দোকানিদের পসরা চুড়ি, খেলনা, হস্তশিল্প, বাঁশের সামগ্রী, নারকেলের নাড়ু, মিষ্টান্ন. গ্রামীণ কৃষ্টির এক উজ্জ্বল বহিঃপ্রকাশ। নাগরদোলা আর ঝুড়ির কানমুচড়ি যেন বয়ে আনে শৈশব স্মৃতির উষ্ণতা।

২-এর পৃষ্ঠা দেখুন





# পরিবারের চারজন গেছে, এখন মৃত্যুর মুখে তুষার

মেহেরপুর প্রতিনিধি

মুজিবনগরের জয়পুর গ্রামের তুষার মন্ডল মাত্র ২৫ বছর বয়সে জীবন যেন থমকে গেছে তার। দীর্ঘ ১০ বছর ধরে এক অজানা রোগের শিকার হয়ে শরীরের প্রতিটা কোষ আজ দুর্বলতা আর কষ্টে ভরা। দাঁড়াতে পারছে না, হাঁটতে পারছে না, কাজ করার ক্ষমতা সম্পূর্ণ হারিয়েছে সে। অথচ চিকিৎসার জন্য প্রয়োজন মাত্র কিছুটা সাহায্য যা

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীর হাড়িয়াদহে ব্যবসায়ীর বাড়িতে ডাকাতি

গাংনী প্রতিনিধি

মেহেরপুরের গাংনী উপজেলার হাড়িয়াদহ গ্রামে শনিবার দিবাগত রাতে এক ভয়াবহ ডাকাতির ঘটনা ঘটে। বাঁশ ব্যবসায়ী খাইরুল ইসলামের বাড়িতে ঢুকে ৪-৫ সদস্যের এক ডাকাতদল তার বালিশের নিচে রাখা ২ লাখ ৯০ হাজার টাকা ছিনিয়ে নেয়।

খাইরুল ইসলাম জানান, বাঁশ বিক্রির টাকা তিনি বালিশের নিচে রেখে ঘুমিয়ে ছিলেন। হঠাৎ ডাকাতরা অস্ত্রের মুখে তাকে ভয় দেখিয়ে সমস্ত টাকা নিয়ে যায়। ডাকাতরা বের হওয়ার সময় এক ডাকাতের মুখ থেকে কাপড় খুলে গেলে তিনি তাকে চিনে ফেলেন। ঘটনার খবর পেয়ে গাংনী থানা

২-এর পৃষ্ঠা দেখুন



# মেহেরপুরে আসছেন একদফার ঘোষক ও এনসিপির আহ্বায়ক নাহিদ

নিজস্ব প্রতিবেদক

বৈষম্যহীন, দুর্নীতিমুক্ত ও গণতান্ত্রিক বাংলাদেশ গঠনের প্রত্যয়ে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) ঘোষিত 'জুলাই পদযাত্রা' কর্মসূচির অংশ হিসেবে আজ মঙ্গলবার মেহেরপুর সফরে আসছেন একদফার ঘোষক ও এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম। এই সফরের মূল লক্ষ্য

২-এর পৃষ্ঠা দেখুন

## রেমিট্যান্সে নতুন উল্লম্ফন

সূর্যোদয় প্রতিবেদন

চলতি জুলাই মাসেও প্রবাসী আয় বা রেমিট্যান্সের ইতিবাচক ধারা অব্যাহত রয়েছে। মাসের প্রথম ছয় দিনেই দেশে এসেছে ৪২ কোটি ৭০ লাখ মার্কিন ডলারের রেমিট্যান্স, যা বাংলাদেশি মুদ্রায় প্রায় ৫ হাজার ২০৯ কোটি ৪০ লাখ টাকা (প্রতি ডলার ১২২ টাকা ধরে)। বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ হালনাগাদ প্রতিবেদনে এই চিত্র উঠে এসেছে।

গত বছরের একই সময়ের তুলনায় চলতি বছরের রেমিট্যান্স প্রবাহ উল্লেখযোগ্য হারে বেড়েছে। ২০২৪ সালের জুলাইয়ের প্রথম ছয় দিনে দেশে এসেছিল ৩৭ কোটি ১০ লাখ ডলার। সেই হিসাবে এবার ৫

২-এর পৃষ্ঠা দেখুন



# মেহেরপুরে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মামলায় ৭ জন কারাগারে

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুরে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মামলায় জেলা ছাত্রলীগ ও আওয়ামী লীগের নেতাসহ ৭ জনকে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছে জেলা ও দায়রা জজ আদালত। সোমবার (৭ জুলাই) দুপুরে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের বিচারক এসএম নাসিম রেজা আসামিদের জামিন আবেদন নামঞ্জুর করে তাদের কারাগারে

২-এর পৃষ্ঠা দেখুন



# বিএনপি নেতা ইনসারুল হক ইন্সুর দাফন সম্পন্ন

গাংনী প্রতিনিধি

গাংনী পৌরসভার সাবেক ভারপ্রাপ্ত মেয়র ও গাংনী পৌর বিএনপির সাবেক ভারপ্রাপ্ত সভাপতি ইনসারুল হক ইন্সু (৪৮) দাফন সম্পন্ন হয়েছে। গতকাল সোমবার বিকালে গাংনী হাইস্কুল মাঠে তার জানাজার নামাজ শেষে গাংনী কেন্দ্রীয় কবরস্থানে তাকে দাফন করা হয়। ইনসারুল হক ইন্সু দীর্ঘদিন ধরে খাদ্যনালীর জটিলতায় ভুগছিলেন। তার খাদ্যনালী শুকিয়ে গিয়েছিল, যার ফলে তিনি কিছুই খেতে পারতেন না।গত বুধবার দুপুরে নিজ বাসভবনে পেটে যন্ত্রণার কারণে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। এসময় পরিবারের লোকজন তাকে

২-এর পৃষ্ঠা দেখুন

## মিয়ানমারে তুমুল সংঘর্ষ, পালাচ্ছে হাজার হাজার মানুষ

সূর্যোদয় প্রতিবেদন

মিয়ানমারে সামরিক জান্তা-বিরোধী দুই সশস্ত্র গোষ্ঠীর মধ্যে ভয়াবহ সংঘর্ষে উত্তপ্ত হয়ে উঠেছে দেশটির উত্তর-পশ্চিমাঞ্চলীয় চিন রাজ্য। সংঘর্ষের ভয়াবহতা এতটাই তীব্র যে, প্রাণ বাঁচাতে হাজার হাজার শরণার্থী সীমান্ত পেরিয়ে ভারতের মিজোরাম রাজ্যে আশ্রয় নিতে বাধ্য হচ্ছেন।

সোমবার ব্রিটিশ সংবাদ সংস্থা রয়টার্স এক প্রতিবেদনে জানায়, গত ২ জুলাই থেকে চিন ন্যাশনাল ডিফেন্স ফোর্স (সিএনডিএফ) ও চিনল্যান্ড ডিফেন্স ফোর্স-হুয়ালংরাম (সিডিএফ-এইচ) নামের দুটি প্রতিদ্বন্দ্বী গোষ্ঠীর মধ্যে কৌশলগত এলাকাগুলোর নিয়ন্ত্রণ নিয়ে সংঘর্ষ শুরু হয়। তারপর থেকেই চিন রাজ্যের বহু

২-এর পৃষ্ঠা দেখুন



# গাংনীতে গাঁজাসহ যুবক আটক

গাংনী প্রতিনিধি

মেহেরপুরের গাংনী উপজেলায় ৫০০ গ্রাম গাঁজাসহ জুয়েল রানা (২০) নামের এক যুবককে আটক করেছে পুলিশ। গত সোমবার রাতে উপজেলার কাথুলী ইউনিয়নের গাড়াবাড়িয়া মাঠ এলাকা থেকে তাকে আটক করা হয়। আটক জুয়েল রানা গাড়াবাড়িয়া গ্রামের মো. আব্দুলের ছেলে।

ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ আবুল কালাম আজাদ জানান, গোপন সংবাদের ভিত্তিতে পুলিশের একটি দল গাড়াবাড়িয়া মাঠ এলাকায়

২-এর পৃষ্ঠা দেখুন

## পাকিস্তানে টানা বৃষ্টিতে প্রাণহানি ৭২

সূর্যোদয় প্রতিবেদন

পাকিস্তানে গত ১০ দিনের টানা ভারী বর্ষণ, আকস্মিক বন্যা ও ভূমিধসে প্রাণ হারিয়েছেন অন্তত ৭২ জন। আহত হয়েছেন আরও শতাধিক মানুষ। সর্বশেষ সোমবার এক বিবৃতিতে এ তথ্য জানিয়েছে দেশটির জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ। পাশাপাশি স্থানীয় প্রশাসন জানিয়েছে, এই দুর্যোগে দেশটির চারটি প্রদেশ চরমভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে।

দুর্যোগের শুরু ২৬ জুন থেকে। এ সময় পাকিস্তানের উত্তর-পশ্চিমাঞ্চলের খাইবার পাখতুনখাওয়া, পূর্বাঞ্চলের পাঞ্জাব, দক্ষিণাঞ্চলের সিন্ধ এবং দক্ষিণ-পশ্চিমাঞ্চলের বেলুচিস্তান প্রদেশে ভয়াবহ প্রাকৃতিক দুর্যোগের কবলে পড়ে মানুষ। পাহাড়ি অঞ্চলে ভূমিধস ও

২-এর পৃষ্ঠা দেখুন



# কুতুবপুরে জামায়াতের নির্বাচনী গণসংযোগ

মেহেরপুর প্রতিনিধি

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের ৪নং ওয়ার্ডে গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। সোমবার (৭ জুলাই) বিকেল ৫টায় ইউনিয়নের প্রধান প্রধান সড়ক ও দোকানপাটে এই গণসংযোগ কর্মসূচি পালন করা হয়।

গণসংযোগে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার নায়েবে আমির মাওলানা মাহাবুব

২-এর পৃষ্ঠা দেখুন

## অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

### চাঁদাবাজি আর বোমাবাজি

(খবর : ছায়া শাসনে মেহেরপুর হাসপাতাল)

আয়ার চোটে হাসপাতাল কাঁপে
চিকিৎসা অনেক দূরে
গরিব মানুষ পায়না ওষুধ
টাকা নাই বলে।
বা?শের থেকে কুঞ্চি ব?ড়
ডাক্তার বাবু করবে আর কি
আয়ার কথা দালাল দিয়ে
হাসপাতালটা জিম্মি করেছি।
সুশীল সমাজ বলছে এখন
সময় এখন ছায়া শাসন।
মুক্ত করা দরকার
আশা করি ব্যবস্থা নেবে
বাংলাদেশের সরকার।



# গাংনীতে যুগিন্দা ফুটবল টুর্নামেন্টে সানরাইজ একাদশের জয়

গাংনী প্রতিনিধি

গাংনী উপজেলার যুগিন্দা ফুটবল একাদশের আয়োজনে অনুষ্ঠিত যুগিন্দা ফুটবল টুর্নামেন্টে সানরাইজ ফুটবল একাদশ ১-০ গোলে জয় পেয়েছে। সোমবার বিকেলে যুগিন্দা মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত ম্যাচে সানরাইজ একাদশ কাঁঠালপোতা ফুটবল একাদশকে পরাজিত

২-এর পৃষ্ঠা দেখুন



# তুলা আবাদ বাড়াতে মেহেরপুরে কৃষি প্রণোদনা

## ৮০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে উপকরণ বিতরণ

মেহেরপুর প্রতিনিধি

তুলা চাষে কৃষকদের আগ্রহ বৃদ্ধি ও উৎপাদন বাড়াতে ২০২৫-২৬ মৌসুমে প্রণোদনার আওতায় মেহেরপুরে বিনামূল্যে কৃষি উপকরণ বিতরণ করা হয়েছে। সোমবার (৭ জুলাই) বিকেলে তুলা উন্নয়ন বোর্ড

২-এর পৃষ্ঠা দেখুন

## দোহা বৈঠক শেষে হতাশা, আজ পুনরায় বৈঠকের সম্ভাবনা

সূর্যোদয় প্রতিবেদন

গাজায় চলমান যুদ্ধ পরিস্থিতির অবসান ঘটাতে কাতারের রাজধানী দোহায় অনুষ্ঠিত ইসরায়েল ও হামাসের মধ্যে সর্বশেষ পরোক্ষ যুদ্ধবিরতি আলোচনার প্রথম ধাপ কোনো অগ্রগতি ছাড়াই শেষ হয়েছে। আলোচনা শেষ হওয়ার পর ফিলিস্তিনি পক্ষের এক কর্মকর্তা জানিয়েছেন, প্রায় সাড়ে তিন ঘণ্টা ধরে চলা এই বৈঠকে কাতার ও মিসরের মধ্যস্থতায় উভয় পক্ষের মধ্যে কেবল বার্তা ও ব্যাখ্যা বিনিময় হয়েছে, কিন্তু কোনো চূড়ান্ত সমঝোতা হয়নি। রবিবার (৬ জুলাই) কাতারের

২-এর পৃষ্ঠা দেখুন



# "গ্রিন মেহেরপুর ২০২৫" ক্যাম্পেইনের শুভ সূচনা

## যাদুখালিতে বৃক্ষরোপণের মাধ্যমে শুরু হলো সিজন-৪

মেহেরপুর প্রতিনিধি

পরিবেশ রক্ষায় সামাজিক উদ্যোগ হিসেবে "কাম ফর হিউম্যানিটি"-এর 'গ্রিন মেহেরপুর ২০২৫' ক্যাম্পেইন এবং 'গ্রিন স্কুল, ক্লিন স্কুল সিজন ৪'-এর আওতায় একটি প্রশংসনীয় বৃক্ষরোপণ কর্মসূচির শুভ সূচনা হয়েছে। সোমবার মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ মঙ্গলবার ॥ ২৪ আষাঢ় ১৪৩২ বাংলা ॥ ৮ জুলাই ২০২৫ইং



## প্রাকৃতিক ৬ চিকিৎসক: রোগ নয় সুস্থতাই হোক অভ্যাস

সূর্যোদয় প্রতিবেদন

প্রকৃতির ছয় আশ্চর্য চিকিৎসক আমাদের পাশে রয়েছেন প্রতিনিয়ত, শুধু তাদের গুরুত্ব বোঝার প্রয়োজন। আজকের আধুনিক জীবনযাত্রা আমাদের স্বাভাবিক স্বাস্থ্যচক্রকে ব্যাহত করছে। প্যাকেটজাত খাবার, অনিয়মিত ঘুম, মানসিক চাপ এবং শারীরিক নিষ্ক্রিয়তা আমাদের অসুস্থতার দিকে ঠেলে দিচ্ছে। অথচ আমাদের চারপাশেই রয়েছে এমন ছয়জন 'প্রাকৃতিক ডাক্তার', যাদের প্রতিদিন সঠিকভাবে অনুসরণ করলেই শরীর ও মন দুটোই থাকবে সুস্থ ও সতেজ। চলুন জেনে নিই এই ছয় প্রাকৃতিক চিকিৎসক এবং কীভাবে তাদের জীবনযাপনে সঠিকভাবে গ্রহণ করা যায়

১. সূর্যের আলো ভিটামিন ডি-এর প্রাকৃতিক উৎস। এই ভিটামিন শরীরের হাড় শক্ত রাখতে সাহায্য করে, রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায় এবং মানসিক স্বাস্থ্য ভালো রাখে।সকাল ৮টা থেকে ১০টার মধ্যে অন্তত ১৫-৩০ মিনিট সূর্যের আলোতে থাকা ভালো। সরাসরি ত্বকের সংস্পর্শে এলে উপকার বেশি। দুপুরের তীব্র রোদ এড়িয়ে চলাই শ্রেয়।

২. পর্যাপ্ত ঘুম হচ্ছে শরীরের মেরামতির সময়। পর্যাপ্ত ও গভীর ঘুম মানসিক চাপ কমায়,

৩-এর পৃষ্ঠা দেখুন

# মেহেরপুরে বাজার সয়লাব পলিথিনে নিষিদ্ধের তোয়াক্কা নেই!

## অব্যাহত ব্যবহারে হুমকির মুখে পরিবেশ ও কৃষিজমি

মেহেরপুর প্রতিনিধি




সরকারি নিষেধাজ্ঞা থাকলেও মেহেরপুর জেলার হাটবাজার ও মুদি দোকানগুলোতে চলছে পলিথিনের অবাধ ব্যবহার। মাছ, মাংস, সবজি, চাল-ডাল থেকে শুরু করে মোবাইল, ওষুধ সবই মোড়ানো হচ্ছে একবার ব্যবহারযোগ্য নিষিদ্ধ পলিথিনে। প্রশাসনের নজরদারির অভাব, পরিবেশ নিয়ে অজ্ঞতা এবং সহজলভ্যতাড়এই তিনে মিলে জেলার পরিবেশ আজ হুমকির মুখে।

জেলার সব বাজারেই একই চিত্র।

মেহেরপুর সদর, গাংনী, মুজিবনগর প্রতিটি উপজেলাতেই একই দৃশ্য। দোকানি থেকে শুরু করে ফেরিওয়ালা পর্যন্ত প্রতিটি বিক্রয়কারীর হাতে পলিথিন। মাছবাজারে দেখা গেছে, প্রতি কেজি মাছের সাথেই নতুন করে একটি করে পলিথিন ব্যাগ ব্যবহার হচ্ছে। সবজির দোকানেও একই অবস্থা। "কাস্টমার চায়, আমরা দেই" এভাবেই বিষয়টিকে সরলীকরণ করছেন অধিকাংশ বিক্রেতা। বিক্রেতারা বলছেন, "পাটের ব্যাগ বা কাগজের ব্যাগ চড়া দামে কিনতে হয়, আর ক্রেতারাও সেটা নিতে চায় না। পলিথিন সস্তা, সহজ এবং সহজলভ্য।" এক মুদি দোকানি বলেন, "প্রতিদিন ১৫০-২০০ পলিথিন ব্যবহার করি। পাট বা কাপড়ের ব্যাগ দিলে লোকজন নিতে চায় না, দাম বেশি বলে।" ২০০২ সালে সরকার

৩-এর পৃষ্ঠা দেখুন




## চুয়াডাঙ্গায় সিভিল সার্জন অফিসের সামনে চাকরি প্রার্থীদের অবস্থান

### দ্বিতীয় দিনে উত্তপ্ত আন্দোলন, সেনাবাহিনী-পুলিশ মোতায়েন

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় স্বাস্থ্য সহকারী পদে নিয়োগে অনিয়ম ও দুর্নীতির অভিযোগ তুলে লাগাতার অবস্থান কর্মসূচি পালন করছেন চাকরি প্রত্যাশীরা। সোমবার (৭ জুলাই) টানা দ্বিতীয় দিনের মতো সকাল থেকে তারা জেলা সিভিল সার্জন কার্যালয়ের সামনে অবস্থান নেন। উত্তপ্ত পরিস্থিতি নিয়ন্ত্রণে ঘটনাস্থলে মোতায়েন করা হয় পুলিশ ও সেনাবাহিনী।

চাকরি প্রার্থীদের অভিযোগ, ২০ জুন অনুষ্ঠিত লিখিত পরীক্ষার আগেই প্রশ্নপত্র ফাঁস হয়। এমনকি পরীক্ষায় অনুপস্থিত অনেককে উত্তীর্ণ

৩-এর পৃষ্ঠা দেখুন

## ফেব্রুয়ারিতেই নির্বাচন, আশা মির্জা ফখরুলের

সূর্যোদয় প্রতিবেদন

আগামী বছরের ফেব্রুয়ারি মাসেই একটি অন্তর্বর্তী সরকারের অধীনে জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হবে এমন আশাবাদ ব্যক্ত করেছেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-এর মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। আজ সোমবার সকালে সিলেটে হজরত শাহজালাল (রহ.)-এর মাজার জিয়ারত শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন।

মির্জা ফখরুল বলেন, "আমরা সবাই আশাবাদী যে এই নির্বাচনের মধ্য দিয়ে দেশ ও জাতি গণতন্ত্রে ফিরে যাবে। জনগণের যে গণতান্ত্রিক

৩-এর পৃষ্ঠা দেখুন



## ঝিনাইদহে পুলিশ হত্যা মামলায় চারজনের মৃত্যুদণ্ড, চারজনের যাবজ্জীবন

ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহ সদর উপজেলার ডাকবাংলা পুলিশ ক্যাম্পের সাবেক ইনচার্জ উপপরিদর্শক (এসআই) মিরাজুল ইসলাম হত্যা মামলায় চারজনকে মৃত্যুদণ্ড ও চারজনকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড প্রদান করেছেন আদালত। সোমবার (৭ জুলাই) বেলা সাড়ে ১১টায় ঝিনাইদহ অতিরিক্ত জেলা ও দায়রা জজ (প্রথম) আদালতের বিচারক মাহাবুব আলম এই রায় ঘোষণা করেন।

মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামিরা হলেন রাজবাড়ীর নিমতলা এলাকার আমজাদ হোসেন, লিয়াকত হোসেন, দক্ষিণ দৌলতদিয়া গ্রামের আক্কাস আলী

৩-এর পৃষ্ঠা দেখুন

## কোনও কিছু চাপিয়ে দিচ্ছে না ঐকমত্য কমিশন: আলী রীয়াজ

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় ঐকমত্য কমিশনের সহ-সভাপতি অধ্যাপক ড. আলী রীয়াজ বলেছেন, কমিশন কোনও কিছুই রাজনৈতিক দলগুলোর ওপর চাপিয়ে দিচ্ছে না। বরং দলগুলোর মতামত ও প্রত্যাশাকে গুরুত্ব দিয়ে সংশোধনী প্রস্তাব আনা হচ্ছে।

সোমবার (৭ জুলাই) বেলা সোয়া ১১টায় রাজধানীর ফরেন সার্ভিস একাডেমির দোয়েল হলে জাতীয় ঐকমত্য কমিশনের সঙ্গে রাজনৈতিক দলগুলোর দ্বিতীয় পর্যায়ের দশম দিনের আলোচনার সূচনা বক্তব্যে তিনি এ কথা বলেন। অধ্যাপক আলী রীয়াজ বলেন, 'জাতীয় সাংবিধানিক কাউন্সিল (এনসিসি) নিয়ে

৩-এর পৃষ্ঠা দেখুন



## ঝিনাইদহে দেশী-বিদেশী অস্ত্রসহ অবসরপ্রাপ্ত সেনা সদস্য গ্রেফতার

ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহের শৈলকুপায় সেনাবাহিনীর বিশেষ অভিযানে দেশী-বিদেশী অস্ত্রসহ অবসরপ্রাপ্ত সেনা সদস্য পলাশ মিয়াকে গ্রেফতার করছে সেনাবাহিনী। গতকাল সোমবার ভোরের দিকে উপজেলার সারুটিয়া ইউনিয়নের কৃত্তিনগর গ্রাম তার নিজ বাড়ী থেকে গ্রেফতার করা হয়। পলাশ মিয়া ওই গ্রামের জিয়ারত আলীর ছেলে। এসময় একনলা রাইফেল, শক দেওয়া মেশিন ও রামদা উদ্ধার করা হয় ।

৩-এর পৃষ্ঠা দেখুন

## নেপালে দুটি ফিফা প্রীতি ম্যাচ খেলবে বাংলাদেশ

সূর্যোদয় প্রতিবেদন

সেপ্টেম্বরে ইউরোপীয় দলের বিপক্ষে ফিফা স্বীকৃত প্রীতি ম্যাচ খেলার প্রস্তুতি নিয়েছিল বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাফুফে)। পাশাপাশি শ্রীলঙ্কায় একটি চার জাতির টুর্নামেন্ট আয়োজনের কথাও চলছিল। তবে শেষ পর্যন্ত দুটি পরিকল্পনাই ভেস্তে গেছে। বিকল্প ব্যবস্থায় এখন নেপালের বিপক্ষে দুটি আন্তর্জাতিক প্রীতি ম্যাচ খেলবে বাংলাদেশ জাতীয় ফুটবল দল।



নেপালের রাজধানী কাঠমাণ্ডুর দশরথ রঙ্গশালা স্টেডিয়ামে ম্যাচ দুটি অনুষ্ঠিত হবে ৬ ও ৯ সেপ্টেম্বর। অল নেপাল ফুটবল অ্যাসোসিয়েশন এর পক্ষ থেকে আনুষ্ঠানিকভাবে এই ম্যাচ আয়োজনের বিষয়টি নিশ্চিত করা হয়েছে। বাংলাদেশ ও নেপাল উভয় দেশেরই এই ম্যাচ দুটির মূল লক্ষ্য হচ্ছে আগামী বিশ্বকাপ ও এশিয়ান কাপের যৌথ বাছাইপর্বের আগে নিজেদের প্রস্তুতি ঝালিয়ে নেওয়া। আন্তর্জাতিক ফিফা উইন্ডো ব্যবহার করে দুটি দলই নিজেদের শক্তি-দুর্বলতা যাচাই করতে চায়।বর্তমান ফিফা র‍্যাঙ্কিং অনুযায়ী, নেপাল রয়েছে ১৭৫ নম্বরে এবং বাংলাদেশ ১৮৩ নম্বরে। দুই দলের মধ্যে র‍্যাঙ্কিং ব্যবধান খুব বেশি না থাকায় ম্যাচ দুটি প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ ও উত্তেজনাপূর্ণ হওয়ার সম্ভাবনা রয়েছে। বাংলাদেশ ফুটবল দলের কোচ হাভিয়ের ক্যাবরেরা এ ম্যাচ দুটিকে সামনে রেখে শিগগিরই একটি প্রস্তুতি ক্যাম্প শুরু করবেন। আশা করা হচ্ছে, প্রবাসী ফুটবলাররাও এই সফরের দলে অন্তর্ভুক্ত হবেন। ইউরোপীয় দলের বিপক্ষে খেলার পরিকল্পনা থাকলেও ভেন্যু, ভিসা এবং স্পন্সর

৩-এর পৃষ্ঠা দেখুন




## সুদীপ জোয়ার্দ্দারের মৃত্যুর রহস্য উদঘাটনে মানববন্ধন

ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহ শহরের কেপি বসু সড়কে যুবক সুদীপ জোয়ার্দ্দারের (৩৫) রহস্যজনক মৃত্যুর ঘটনার সুষ্ঠু তদন্ত ও বিচার দাবিতে মানববন্ধন ও বিক্ষোভ করেছেন তার শুভাকাঙ্ক্ষী, বন্ধুমহল ও এলাকাবাসী।

গতকাল সোমবার (৭ জুলাই) দুপুর ১২টায় শহরের পায়রা চত্বরে এই কর্মসূচি অনুষ্ঠিত হয়। '২০০৭ সালের এসএসসি ও ২০০৯ সালের এইচএসসি ব্যাচ'-এর ব্যানারে আয়োজিত এই মানববন্ধনে বক্তব্য রাখেন মাকিবুল হাসান বাপ্পি, ফাহাদ মাহমুদ মারুত, আব্দুস সালামসহ বিভিন্ন সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী সংগঠনের নেতৃবৃন্দ। বক্তারা

৩-এর পৃষ্ঠা দেখুন

## লারার ৪০০ রানের রেকর্ড ভাঙার সুযোগ পেয়েও ইনিংস ঘোষণা করলেন মুলডার!

সূর্যোদয় প্রতিবেদন

বিশ্ব টেস্ট ইতিহাসে আরেকটি রেকর্ড লেখা যেতে পারত। দক্ষিণ আফ্রিকার উইয়ান মুলডার হাতে রেখেছিলেন সেই সুযোগ। কিন্তু অবাক করে দিয়ে ইতিহাস গড়ার খুব কাছ থেকে সরে দাঁড়ালেন এই প্রোটিয়া ব্যাটার। লাঞ্চ বিরতির সময় নিজের ব্যক্তিগত সংগ্রহ ৩৬৭ রানে অপরাজিত থাকলেও, অধিনায়ক মুলডার নিজেই ইনিংস ঘোষণা করেনড় যেখানে মাত্র ৩৩ রান দূরে ছিল ব্রায়ান লারার কিংবদন্তি ৪০০ রানের রেকর্ড।

জিম্বাবুয়ের বিপক্ষে বুলাওয়ের কুইন্স স্পোর্টস ক্লাব




মাঠে দ্বিতীয় টেস্টে টস হেরে ব্যাট করতে নামে দক্ষিণ আফ্রিকা। শুরু থেকেই আক্রমণাত্মক ভঙ্গিতে

৩-এর পৃষ্ঠা দেখুন

## যেসব অ্যাপের ফাঁদে পড়ে ১০ সেকেন্ডেই হ্যাক হচ্ছে আপনার গোপন ছবি!

সূর্যোদয় প্রতিবেদন

ব্যক্তিগত ছবি ও তথ্য চুরি করে ব্যবহারকারীদের ব্ল্যাকমেইল করছে কিছু বিপজ্জনক মোবাইল অ্যাপ। সম্প্রতি এমন দুটি অ্যাপ গুগল প্লে স্টোর এবং অ্যাপল অ্যাপ স্টোর থেকে সরিয়ে ফেলা হয়েছে। তবে সাইবার নিরাপত্তা গবেষকরা জানিয়েছেন, একই ধরনের ম্যালওয়্যার এখনও সক্রিয় রয়েছে বেশ কিছু টিকটক-ক্লোন অ্যাপে। খবর প্রযুক্তিবিষয়ক সংবাদমাধ্যম দ্য সান ও ইষববঢ়রহম ঈড়সঢ়ঁঃবৎ-এর। নিষিদ্ধ অ্যাপ দুটি হলোড়অ্যাপল অ্যাপ স্টোরে থাকা ?পড়রহ (ইরঈড়রহ) নামের একটি মুদ্রা লেনদেন অ্যাপ এবং গুগল প্লে স্টোরে থাকা ইনস্ট্যান্ট মেসেঞ্জার অ্যাপ ঝঙউচ।



গবেষণা অনুযায়ী, ঝঙউচ অ্যাপটি ১০ হাজারের বেশি ব্যবহারকারী ডাউনলোড করেছেন, যার মধ্যে কিছু ক্রিপ্টোকারেন্সি লেনদেনের ফিচারও ছিল। এই অ্যাপগুলো ব্যবহারকারীর অজান্তেই ফোনে ঝঢ়ধৎশঈধঃ নামের ম্যালওয়্যার ইনস্টল করছিল। এটি স্মার্টফোনের গ্যালারির ছবি স্ক্যান করতে 'অপটিক্যাল ক্যারেক্টার রিকগনিশন টুল ব্যবহার করে এবং ছবি ও টেক্সট ডেটা সংগ্রহ করে হ্যাকারদের কাছে পাঠিয়ে দেয়।

৩-এর পৃষ্ঠা দেখুন




## জাতীয় নির্বাচন পেছানো নয়, সুষ্ঠু পরিবেশ চায় জামায়াত: গোলাম পরওয়ার

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, "জামায়াত জাতীয় নির্বাচন পেছাতে চায় না; বরং নির্বাচনের জন্য একটি সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ পরিবেশ চায়।" তিনি অভিযোগ করেন, সরকারের বর্তমান ভূমিকা দেখে জনগণ নিরপেক্ষ নির্বাচনের ব্যাপারে আশ্বস্ত হতে পারছে না।

সোমবার (৭ জুলাই) দুপুরে রাজধানীর ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যান পরিদর্শন শেষে তিনি এ মন্তব্য করেন। আগামী ১৯ জুলাই জামায়াত যে জাতীয় সমাবেশ আয়োজন করতে যাচ্ছে, তার প্রস্তুতি ঘিরে এ পরিদর্শন অনুষ্ঠিত হয়। গোলাম পরওয়ার বলেন, "জাতীয় নির্বাচনের আগে দেশে লেভেল প্লেয়িং ফিল্ড তৈরি, আনুপাতিক

৩-এর পৃষ্ঠা দেখুন




ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কতৃক  স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, মঙ্গলবার, ৮ জুলাই ২০২৫ ইং

## ছায়া প্রশাসনের কবলে হাসপাতাল: মানুষের স্বাস্থ্যসেবা কি এভাবেই চলবে?

মেহেরপুর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালের চিত্র দেখে আমরা শঙ্কিত, ক্ষুব্ধ এবং উদ্বিগ্ন। এই গুরুত্বপূর্ণ সরকারি চিকিৎসা প্রতিষ্ঠানে রোগীর জীবন ও চিকিৎসা ব্যবস্থাপনা আজ কার্যত নিয়ন্ত্রিত হচ্ছে একটি অঘোষিত 'ছায়া প্রশাসন' দ্বারাড়্যার নেতৃত্বে আয়া ও ওয়ার্ডবয়দের একটি সুসংগঠিত চক্র। রোগী ও স্বজনদের একাধিক অভিযোগ থেকে জানা যায়, ভর্তি থেকে ছাড়পত্র পর্যন্ত প্রতিটি ধাপে অর্থ না দিলে মেলে না কাঙ্ক্ষিত সেবা। ওষুধ দেওয়া, ইনজেকশন প্রয়োগ, টিকাদান কিংবা চিকিৎসক দেখার মতো মৌলিক বিষয়গুলোও আজ 'বকশিশ'-নির্ভর। আরও ভয়াবহ বিষয় হলো প্রেসক্রিপশন নিয়ন্ত্রণ পর্যন্ত চলে এই অদৃশ্য চক্রের হাতে! এমন পরিস্থিতিতে রোগীর সুস্থতা নয়, বরং প্রথম শর্ত হয়ে দাঁড়িয়েছে টাকার জোগান। এ অবস্থায় চিকিৎসক ও নার্সরাও অনেকটা অসহায়। তারা পরিষ্কারভাবে বলছেন, আয়া-ওয়ার্ডবয়দের আচরণ তারা নিয়ন্ত্রণ করতে পারেন না। দুর্নীতির এই ছায়া প্রশাসন স্থানীয় প্রভাবশালী ব্যক্তিদের ছত্রছায়ায় গড়ে ওঠায় হাসপাতাল কর্তৃপক্ষও কার্যকর ব্যবস্থা নিতে পারছে না।

আমরা মনে করি, এ ধরনের নীরব ঘুষ বাণিজ্য শুধু হাসপাতালের পরিবেশকেই কলুষিত করছে না, বরং একটি জাতির ন্যূনতম স্বাস্থ্যসেবার নিরাপত্তা ও মানবাধিকারের প্রশ্নেও আঘাত করছে। একে শুধু স্বল্প পরিসরের অব্যবস্থা বলে এড়িয়ে যাওয়া যাবে না; এটি এক ধরনের প্রাতিষ্ঠানিক অপরাধ। এ অবস্থায় জরুরি ভিত্তিতে হাসপাতালটিতে মনিটরিং কমিটি গঠন, নিরপেক্ষ তদন্ত এবং অভিযোগ জানানোর জন্য নিরাপদ ও কার্যকর ব্যবস্থা গ্রহণ আবশ্যক। আয়া-ওয়ার্ডবয়সহ সব সহায়ক কর্মচারীদের কাজের মূল্যায়ন, পর্যবেক্ষণ ও শাস্তিমূলক ব্যবস্থাও নিয়মিত হতে হবে। পাশাপাশি, এসব কর্মীদের মানবিক সমস্যা (যেমন বেতনবৈষম্য) সমাধানেও গুরুত্ব দিতে হবে যাতে দুর্নীতিকে পেশার 'বিকল্প পথ' হিসেবে না নিতে হয়। আমরা নবনিযুক্ত তত্ত্বাবধায়ক ডা. শাহরিয়ার শায়লা জাহানের ঘোষণাকে স্বাগত জানাই। তবে তিনি যেন বাস্তবিক পরিবর্তন আনতে পারেন, সেটাই এখন জনগণের প্রত্যাশা। কারণ, স্বাস্থ্যসেবা একটি মৌলিক অধিকারড়তা যেন কখনওই দালালদের বাণিজ্যে পরিণত না হয়।

## ঐতিহ্য ও সংস্কৃতির উৎসব

তবে মেলার কেন্দ্রবিন্দু তাজিয়া মিছিল যেটি ধর্মীয় আবেগ ও ঐতিহ্যের অনন্য বহিঃপ্রকাশ। এই মিছিলে অংশগ্রহণ করেন বিভিন্ন বয়সের শত শত মানুষ। আয়োজকদের ভাষ্যে জানা যায়, স্থানীয় কিছু শিয়া মুসলমানের উদ্যোগে তাজিয়া তৈরির ধারাবাহিকতা থেকেই এই মেলার সূচনা। সময়ের বিবর্তনে তা হয়ে উঠেছে পুরো অঞ্চলের এক মিলনমেলায়।প্রবীণদের স্মৃতিচারণায় উঠে এসেছে এই মেলার বহু পুরোনো ইতিহাস। হারু শেখের কথায় মেলা যেন জীবন্ত ইতিহাসড়"দাদার আমল থেকে দেখে আসছি এই মেলা, পাকিস্তান পিরিয়ড থেকে এখনো এসেছি।" মেহেরুন বেগমের স্মৃতিতে ঝিলিক দেয় ফিতা, আলতা, সুগন্ধি তেল কেনার সেই শৈশবের দিনগুলো। এই মেলা কেবল বিনোদন নয়, এটি স্থানীয় অর্থনীতিকেও চাঙা করে তোলে। কুষ্টিয়ার এমাদুল হকের মতো বহু কারিগর তাদের হস্তশিল্প নিয়ে আসেন, যা গ্রামীণ জীবনের প্রয়োজনীয় উপকরণ ও ঐতিহ্যের ধারক। একে কেন্দ্র করে গড়ে ওঠে পারস্পরিক যোগাযোগ ও সংস্কৃতি বিনিময়ের ক্ষেত্র। মেলা কমিটির সভাপতি মো: জমশের জানিয়েছেন, আগের বছরগুলোতে কিছু অসংগতিপূর্ণ কার্যক্রম ঘটলেও এবার তা কঠোরভাবে প্রতিরোধ করা হয়েছে, যা নিঃসন্দেহে সাধুবাদযোগ্য পদক্ষেপ। কুতুবপুরের এই শতবর্ষী মহরমের মেলা আমাদের মনে করিয়ে দেয়, ঐতিহ্য কেবল অতীতের ধ্বংসাবশেষ নয়; বরং তা বর্তমানের গর্ব এবং ভবিষ্যতের অনুপ্রেরণা। এই ধরনের আয়োজনে ধর্ম, সংস্কৃতি, অর্থনীতি ও মানবিক মূল্যবোধের সমন্বয় আমাদের সমাজকে আরও ঐক্যবদ্ধ ও সচেতন করে তোলে।

## মেহেরপুরে কমিউনিটি ক্লিনিকে ওষুধ

কোন ওষধ দেয়নি। তায় বাধ্য হয়ে মেহেরপুর সরকারি হাসপাতালে যাচ্ছি। যদি ক্লিনিকে ওষুদ পেতাম তাহলে হাসপাতালে যাওয়ার খরচটা বেচে যেত। ক্লিনিকে ভালো ডাক্তার থাকেনা তবুও মানুষ যায় ওষুদের জন্য। ক্লিনিকে যদি ওষুদ না কাকে তাহল ক্লিনিক থেকে লাভ কি। বুড়িপোতা স্বাস্থ্য সহকারী জামান রিপন বলেন, ডিসেম্বরে শেষবার ওষুধ এসেছিল। তা দুই-আড়াই মাসের মধ্যেই শেষ হয়ে গেছে। এরপর আর কোনো নতুন সরবরাহ আসেনি। ওষুধ না থাকায় অনেকেই সেবা নিতে কমিউনিটি ক্লিনিকে আসছেন না। আরেক স্বাস্থ্য কর্মী জানান কমিউনিটি ক্লিনিকগুলোতে ২৭ রকমের ওষুধ বরাদ্দ থাকলেও বর্তমানে রয়েছে শুধুমাত্র গ্যাসের ও ভিটামিন জাতীয় ট্যাবলেটগুলো। প্রতিদিন রোগীদের মুখে 'ওষুধ নেই' বলাটা আমাদের জন্যও লজ্জার বিষয় হয়ে দাঁড়িয়েছে।সদর উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আঞ্জুমান আরা জানান, আমরা সাধারনত যে পরিমান ঔষদ কমিউনিটি ক্লিনিকগুলোতে দিতাম এবার তার চেয়ে কম করে দিতে হয়েছে। কারন পরবর্তি কাটুনগুলো আমরা পায়নি। এসকল বিষয়গুলি আমরা উর্দ্ধতন কর্মকর্তাদের জানিয়েছি। সিভিল সার্জন ডাঃ এ কে এম আবু সাইদ বলেন, ওষুধ সল্পতা আছে। আমরা চাহিদা পাঠিয়েছি। আশা করছি কয়েকদিনের মধ্যেয় সমস্যার সমাধান হয়ে যাবে। এদিকে, দ্রুত ওষুধ সরবরাহের দাবি জানিয়েছে ভুক্তভোগী গ্রামবাসী। তাদের মতে,"সরকার যেই স্বাস্থ্যসেবার কথা বলে, সেটা শুধু শহরে সীমাবদ্ধ থাকলে চলবে না। গ্রামের মানুষকে বাঁচাতে হলে কমিউনিটি ক্লিনিকে আবার ওষুধ পৌঁছাতে হবে।"

## মেহেরপুরে বৈষম্য বিরোধী ছাত্র

পাঠানোর আদেশ দেন। কারাগারে পাঠানো আসামিদের মধ্যে রয়েছেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক জুয়েল রানা, আমদহ ইউনিয়ন পরিষদের সদস্য দরুদ আলী, ঠিকাদার ও সাবেক ছাত্র নেতা আসলাম খান পিন্টু, বড় বাজার তহবাজার ব্যবসায় সমিতির সাবেক সহ-সভাপতি রবিন, জেলা ছাত্রলীগের সাবেক সদস্য রাশেদুল ইসলাম আনন্দ, জেলা পূজা উদযাপন পরিষদের সাবেক সাধারণ সম্পাদক কাজল দত্ত, রাধান্তপুর গ্রামের সমিরুল।

মামলাটি ২০২৪ সালের ৫ আগস্ট দায়ের হওয়া জি আর ২৬৩ নম্বর। আসামিরা উচ্চ আদালত থেকে জামিনে ছিলেন। জামিনের মেয়াদ শেষ হওয়ায় তারা সোমবার জেলা ও দায়রা জজ আদালতে পুনরায় জামিন আবেদন করে। আদালত জামিনের আবেদন বাতিল করে তাদের কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

## রেমিট্যান্সে নতুন উল্লম্ফন

কোটি ৬০ লাখ ডলার বা প্রায় ৬৮৩ কোটি ২০ লাখ টাকা বেশি এসেছে।এর আগে সদ্য সমাপ্ত ২০২৪-২৫ অর্থবছরের জুন মাসেও রেমিট্যান্স প্রবাহ ছিল চাঙা। ওই মাসে ব্যাংকিং চ্যানেলে প্রবাসীরা দেশে পাঠিয়েছেন প্রায় ২৮১ কোটি ৮০ লাখ ডলার, যার টাকার পরিমাণ প্রায় ৩৪ হাজার ৪০৪ কোটি টাকা। প্রতিদিন গড়ে এসেছে ৯ কোটি ৪০ লাখ ডলার বা ১ হাজার ১৪৭ কোটি টাকা। জুন মাসটি ছিল একক মাস হিসেবে তৃতীয় সর্বোচ্চ রেমিট্যান্স প্রাপ্তির মাস। বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, মার্চ মাসে দেশে সর্বোচ্চ ৩২৯ কোটি ডলার, মে মাসে দ্বিতীয় সর্বোচ্চ ২৯৭ কোটি ডলার এবং জুন মাসে এসেছে তৃতীয় সর্বোচ্চ ২৮২ কোটি ডলারের রেমিট্যান্স। চলতি ২০২৪-২৫ অর্থবছরে (জুলাই ২০২৪জুন ২০২৫) দেশে মোট ৩০ দশমিক ৩৩ বিলিয়ন ডলারের রেমিট্যান্স এসেছে, যা আগের অর্থবছরের তুলনায় ২৬ দশমিক ৮ শতাংশ বেশি। ২০২৩-২৪ অর্থবছরে রেমিট্যান্স ছিল ২৩ দশমিক ৯১ বিলিয়ন ডলার। মাসভিত্তিক বিশ্লেষণে দেখা যায়, অর্থবছরের প্রথম মাস জুলাইয়ে এসেছে ১৯১ কোটি ৩৭ লাখ ডলার, আগস্টে ২২২ কোটি, সেপ্টেম্বরে ২৪০ কোটি, অক্টোবরে ২৩৯ কোটি, নভেম্বরে ২২০ কোটি, ডিসেম্বরে ২৬৪ কোটি, জানুয়ারিতে ২১৯ কোটি, ফেব্রুয়ারিতে ২৫৩ কোটি, মার্চে ৩২৯ কোটি, এপ্রিল ২৭৫ কোটি, মে মাসে ২৯৭ কোটি এবং জুনে এসেছে ২৮২ কোটি ডলারের রেমিট্যান্স। অর্থনীতিবিদরা বলছেন, সরকার ঘোষিত প্রণোদনা, হুন্ডি প্রতিরোধে নজরদারি এবং বৈধ চ্যানেলে অর্থ পাঠানোর উৎসাহে রেমিট্যান্স প্রবাহ বেড়েছে। এই ধারা অব্যাহত থাকলে বৈদেশিক মুদ্রার রিজার্ভ পুনরুদ্ধারে তা বড় ভূমিকা রাখবে বলে মনে করা হচ্ছে।

## মিয়ানমারে তুমুল সংঘর্ষ, পালাচ্ছে

মানুষ সীমান্ত অতিক্রম করে ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় মিজোরাম রাজ্যে প্রবেশ করছেন। ভারতের এক জ্যেষ্ঠ নিরাপত্তা কর্মকর্তা রয়টার্সকে জানান, সংঘর্ষ শুরুর পর থেকে এখন পর্যন্ত প্রায় চার হাজার শরণার্থী মিজোরামে ঢুকেছেন। তবে এই সংখ্যা বাড়ছে প্রতিনিয়ত।মিয়ানমারের চিন রাজ্য ও ভারতের মিজোরাম রাজ্যের মধ্যে দীর্ঘ সীমান্ত রয়েছে। এই দুই অঞ্চলের মানুষদের মধ্যে রয়েছে ঘনিষ্ঠ জাতিগত সম্পর্ক, যা শরণার্থীদের আশ্রয় নেওয়ায় সহায়ক ভূমিকা রাখছে।

মিজোরামের স্বরাষ্ট্রমন্ত্রী কে সাপদাঙ্গা বলেন, "চিন রাজ্যের এই সংঘর্ষ আমাদের নিয়ন্ত্রণের বাইরে। মানুষ আমাদের রাজ্যে চলে এসেছে। মানবিক বিবেচনায় আমরা তাদের পানি, খাদ্য ও আশ্রয় দিয়ে সাহায্য করছি।"

তিনি আরও জানান, নতুন করে যারা মিজোরামে এসেছেন, তাদের সংখ্যা আনুমানিক ৩/৪ হাজার হলেও প্রকৃত সংখ্যা আরও বেশি হতে পারে।ভারতের নিরাপত্তা কর্মকর্তারা জানিয়েছেন, রোববার রাত পর্যন্ত মিজোরামের চাম্পাই জেলার জোখাওথার ও সাইখুমফাই গ্রামে মোট ৩ হাজার ৯৮০ জন শরণার্থীকে নথিভুক্ত করা হয়েছে। সংঘর্ষ যত তীব্র হচ্ছে, সীমান্তে শরণার্থীর ঢল তত বাড়ছে।

উল্লেখ্য, ২০২১ সালের ফেব্রুয়ারিতে অং সান সু চি-র নির্বাচিত সরকারকে সরিয়ে সামরিক বাহিনী ক্ষমতা দখল করার পর থেকেই মিয়ানমারে অস্থিরতা চলছে। তখন থেকেই মিজোরামে আশ্রয় নিচ্ছেন হাজার হাজার শরণার্থী। চলমান সংঘর্ষ সেই সংকটকে আরও গভীরতর করে তুলেছে।

আশারাফুন নাহার



# বিশেষ শিশুদের বাদ দিয়ে নয় সঙ্গে নিয়েই অগ্রগতি

শিক্ষা প্রতিটি শিশুর জন্মগত অধিকার। জাতি, ধর্ম, শ্রেণি, লিঙ্গ বা শারীরিক-মানসিক সক্ষমতা যাই হোক না কেন এই অধিকার থেকে কাউকে বঞ্চিত করা চলে না। কিন্তু আমাদের সমাজে একটি শিশু গোষ্ঠী রয়েছে, যারা জন্মগতভাবে বা কোনো দুর্ঘটনা বা রোগের কারণে বিশেষ চাহিদাসম্পন্ন হয়ে ওঠে। এই শিশুরা সমাজেরই অংশ, আমাদেরই সন্তানের মতো, কিন্তু বাস্তবতা হলোড়তারা এখনও নানাভাবে উপেক্ষিত ও পিছিয়ে। বিশেষ চাহিদাসম্পন্ন শিশু বলতে বোঝায় সেই সব শিশু, যাদের বুদ্ধিবৃত্তিক, সংবেদনশীল, শারীরিক, ভাষাগত বা সামাজিক দক্ষতা সাধারণ শিশুদের তুলনায় উল্লেখযোগ্যভাবে কম কিংবা ব্যতিক্রমধর্মী। যেমন: অটিজম, বধিরতা, দৃষ্টিহীনতা, ডাউন সিনড্রোম, সেরিব্রাল পালসি বা শিখনে বিলম্ব ইত্যাদি। একাধিক গণমাধ্যমের তথ্য মতে, বাংলাদেশে প্রতিদিন গড়ে চারজন করে বিশেষ চাহিদাসম্পন্ন শিশু জন্ম নেয়। এটি কেবল পরিসংখ্যান নয়, বরং আমাদের শিক্ষাব্যবস্থা ও সমাজের জন্য এক বড় চ্যালেঞ্জ। সরকার অন্তর্ভুক্তিমূলক শিক্ষা নিশ্চিত করতে ইতিবাচক কিছু পদক্ষেপ গ্রহণ করেছে। যেমন: সরকারি বিদ্যালয়ে ভর্তি নিশ্চিতকরণ, বিশেষ উপকরণ বিতরণ (হুইলচেয়ার, হিয়ারিং অ্যাড, চশমা ইত্যাদি), এবং প্রশিক্ষিত শিক্ষকের ব্যবস্থা। কিন্তু বাস্তবতা হলো অনেক বিদ্যালয়ে এখনও পর্যাপ্ত প্রস্তুতি নেই। শিক্ষকরা বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত নন, শ্রেণিকক্ষ উপযোগী নয়, এমনকি অনেক সময় সহপাঠীরাও মানসিকভাবে প্রস্তুত নয় এই শিশুদের গ্রহণ করতে। একজন শিক্ষক যখন শ্রেণিকক্ষে প্রবেশ করেন, তখন তার দৃষ্টিভঙ্গিই নির্ধারণ করে ফেলতে পারে একটি শিশুর ভবিষ্যৎ। বিশেষ চাহিদাসম্পন্ন শিশুরা সব সময় অমনোযোগী বা "দুষ্টু" হয় না; বরং অনেক সময় তারা নিজেদের ভাব প্রকাশ করতে না পেরে বিশৃঙ্খল আচরণ করে। এই আচরণগুলোকে "অসাধারণত্ব" হিসেবে না দেখে যদি তাদের অনুভব করার চেষ্টা করা হয়, তাহলেই গড়ে উঠবে সহানুভূতিশীল শিক্ষার পরিবেশ। শিক্ষকের করণীয়ের মধ্যে রয়েছে সহজ ও বোঝার মতো ভাষায় পাঠদান, বোর্ডে বড় করে লেখা, ভিজ্যুয়াল উপকরণ ব্যবহার, শরীরী ভাষার সহায়তা, শ্রেণিকক্ষে আনন্দঘন পরিবেশ বজায় রাখা, এবং প্রতিটি শিশুর প্রতি আলাদা মনোযোগ প্রদান।

শ্রেণিকক্ষে বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের সামনের সারিতে বসানো, চলাচলের সুবিধার্থে যথেষ্ট জায়গা রাখা, নিচতলায় শ্রেণিকক্ষের ব্যবস্থা করা এসব পদক্ষেপ বাস্তবায়নযোগ্য এবং জরুরি। শিক্ষার্থীদের শারীরিক বা মানসিক শাস্তি একেবারেই অগ্রহণযোগ্য। পরিবর্তে ভালো আচরণের জন্য প্রশংসা ও উৎসাহই হতে পারে ইতিবাচক অনুপ্রেরণা। ভালো ব্যবহারকারী শিশুদের উদাহরণ হিসেবে তুলে ধরা এবং দৃষ্টান্তমূলক পুরস্কার প্রদান অন্যদের মাঝেও ইতিবাচক প্রভাব ফেলতে পারে। এই প্রসঙ্গে একটি কথা মনে রাখা দরকার শিশু কেবল পাঠ্যবইয়ের পৃষ্ঠায় সীমাবদ্ধ নয়। তাদের বিকাশের জন্য সহপাঠ্যক্রমিক কার্যক্রম, দলীয় কাজ, খেলাধুলা, সৃজনশীলতা বিকাশমূলক প্রশিক্ষণ অপরিহার্য। বিশেষ চাহিদাসম্পন্ন শিশুরাও এর বাইরে নয়; বরং তাদের আরও বেশি করে এই কার্যক্রমে সম্পৃক্ত করা দরকার যাতে তারা আত্মবিশ্বাসী হয়ে উঠতে পারে। শিক্ষকের পাশাপাশি অভিভাবকদের ভূমিকাও গুরুত্বপূর্ণ। শিক্ষকের উচিত অভিভাবকদের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখা, শিশুর অগ্রগতি জানানো এবং প্রয়োজনে বিশেষজ্ঞের সঙ্গে পরামর্শে উৎসাহিত করা। এতে শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষকড়তিন পক্ষের মধ্যে বিশ্বাস ও সহযোগিতার বন্ধন তৈরি হয়, যা শিশুর জন্য সহায়ক পরিবেশ নিশ্চিত করে।

আমরা যদি সত্যিকার অর্থে একটি মানবিক, অন্তর্ভুক্তিমূলক সমাজ গড়তে চাই, তাহলে বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের প্রতি আমাদের দৃষ্টিভঙ্গিই হতে হবে বদলের শুরু। এই শিশুদের বাদ দিয়ে নয়, তাদের সঙ্গে নিয়েই আমাদের সমাজ, রাষ্ট্র ও জাতির কাঙ্ক্ষিত অগ্রগতি সম্ভব। তাদের জন্য সুযোগ সৃষ্টি করা মানে কেবল করুণা নয়, বরং এটি আমাদের সম্মিলিত দায়িত্ব এবং সভ্যতার পরিচায়ক। (লেখক: ডেভেলোপমেন্টাল থেরাপিস্ট,শিশু বিকাশ কেন্দ্র শহীদ তাজউদ্দিন আহমেদ মেডিকেল কলেজ)

# ইসলামে শোক পালনের সীমারেখা

মাইমুনা আক্তার

প্রিয়জনের বিয়োগে শোক পালন করা দোষের কিছু নেই, তবে ইসলামে তার নির্দিষ্ট সীমারেখা আছে। যেমন কেউ মারা গেলে মৃত ব্যক্তির আত্মীয়-স্বজনের জন্য তিন দিন পর্যন্ত শোক পালন করার অনুমতি আছে। তবে স্ত্রীর জন্য স্বামীর মৃত্যুতে চার মাস ১০ দিন শোক পালন করতে হবে। এর চেয়ে বেশিদিন শোক পালন করা ইসলামসম্মত নয় (বুখারি, হাদিস : ১২৮০; মুসলিম, হাদিস : ৩৫৯১)।

এমনকি প্রিয়জনের শোকে নীরবে চোখ থেকে অশ্রু বের হয়ে এলে তাও জায়েজ। নবীজি (সা.) তাঁর শিশুপুত্র আব্দুল্লাহর ইন্তেকালে নিঃশব্দে কান্না করেছেন। তখন আবদুর রহমান ইবনে আওফ (রা.) বলেন, হে আল্লাহর রাসুল! আর আপনিও (কাঁদছেন?) তখন তিনি বলেন, ইবনে আওফ! এ হচ্ছে মায়া-মমতা (বুখারি, হাদিস : ১২২৫)।

শোক পালনকালে নিষিদ্ধ কাজ : তবে শোক পালনের নামে অতিরঞ্জিত কাজকে ইসলামে নিষিদ্ধ করা হয়েছে। বিশেষ করে শোক পালনের যেসব ধরন জাহেলি যুগের কুপ্রথা থেকে এসেছে। যেগুলো অন্য ধর্মের প্রথার সাদৃশ ধারণ করে এবং যেগুলো মূলত শোক নয়, বরং বিভিন্ন কুসংস্কারের চিহ্ন বহন করে। নিম্নে এমন কিছু বিষয় তুলে ধরা হলো, যেগুলো করতে ইসলামে অনুৎসাহ দেওয়া হয়েছে। চিৎকার, মাতম ও বুক চাপড়ানো নিষিদ্ধ : নবী করিম (সা.) ইরশাদ করেছেন, 'যারা শোকে গালে চাপড়ায়, জামার বুক ছিঁড়ে ফেলে এবং জাহেলি যুগের মতো চিৎকার দেয়, তারা আমাদের তরিকাভুক্ত নয়' (বুখারি, হাদিস : ১২১৯)। ইদ্দতের সময় সাজসজ্জা করা নিষিদ্ধ : উম্মে সালামা (রা.) থেকে বর্ণিত আছে যে একজন নারীর স্বামী মৃত্যুবরণ করলে তার পরিবারের লোকেরা তার আঁখিযুগল নষ্ট হয়ে যাওয়ার আশঙ্কা করল। তারা রাসুলুল্লাহ (সা.)-এর কাছে এসে তার সুরমা ব্যবহারের অনুমতি প্রার্থনা করল। তিনি বললেন, সুরমা ব্যবহার করতে পারবে না। তোমাদের অনেকেই (জাহেলি যুগে) তার নিকৃষ্ট কাপড় বা নিকৃষ্ট ঘরে অবস্থান করত। যখন এক বছর অতিক্রান্ত হতো আর কোনো কুকুর সেদিকে যেত, তখন সে বিষ্ঠা নিক্ষেপ করত। কাজেই চার মাস ১০ দিন অতিবাহিত না হওয়া পর্যন্ত সুরমা ব্যবহার করতে পারবে না (বুখারি, হাদিস : ৫৩৩৮)।

মুর্দা খাবারের আয়োজন করা : প্রচলিত নিয়মে মৃত ব্যক্তির বাড়িতে দাওয়াতের আয়োজন করা। সাহাবায়ে কিরামের যুগ থেকেই এটিকে নিষিদ্ধ ও মন্দ কাজ গণ্য করা হতো।

জাবির (রা.) বলেন, আমরা মৃতের দাফন কার্য শেষ হওয়ার পর তার বাড়িতে একত্র হওয়া এবং (আগতদের জন্য) খাবারের আয়োজন করাকে নিয়াহা (নিষিদ্ধ পন্থায় শোক পালন)-এর অন্তর্ভুক্ত গণ্য করতাম (মুসনাদে আহমাদ, হাদিস : ৬৯০৫; ইবনে মাজাহ, হাদিস : ১৬১২)। তাই মুমিনের উচিত, মৃত প্রিয়জনদের জন্য শোক পালন কোরআন-হাদিসের সীমারেখা স্মরণ রাখা। মৃত ব্যক্তির উপকার হয়, এমন আমল করা।

## বিএনপি নেতা ইনসারুল হক ইন্সুর

প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। সেখানে প্রথমিক চিকিৎসা প্রদানের পর তাকে ঢাকা বিআরবি হাসপাতালে নেওয়া হয়। বিআরবি হাসপাতালে চিকিৎসাধীর অবস্থায় রবিবার রাত ২ টার দিকে তিনি মারা যান। গতকাল সোমবার বিকেল ৩টায় গাংনী হাইস্কুল মাঠে তার জানাজার নামাজ অনুষ্ঠিত হবে। জানাজা শেষে গাংনী কেন্দ্রীয় কবরস্থানে তাকে দাফন করা হয়।

ইনসারুল হক ইন্সু গাংনী পৌর শহরের বিশ্বাসপাড়া এলাকার প্রয়াত আব্দুল করিম মালিথার ছেলে।মৃত্যুকালে তিনি স্ত্রী, এক ছেলে ও এক মেয়ে, আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব এবং অসংখ্য গুণগ্রহী রেখে গেছেন। তার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন, সদস্যসচিব অ্যাডভোকেট কামরুল হাসান, জাতীয় নিবাহী কমিটির সদস্য ও মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন, মেহেরপুর-২ আসনের সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেন, গাংনী উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু প্রমুখ। নেতৃবৃন্দ শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছে।

## পাকিস্তানে টানা বৃষ্টিতে প্রাণহানি ৭২

নিম্নাঞ্চলে আকস্মিক বন্যায় বহু ঘরবাড়ি ও যোগাযোগব্যবস্থা ভেঙে পড়ে। দেশটির জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ জানিয়েছে, এখনো বৃষ্টি অব্যাহত রয়েছে এবং এতে ভবিষ্যতে আরও ক্ষয়ক্ষতির শঙ্কা রয়েছে। বিভিন্ন এলাকায় রাস্তা, সেতু ও বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা ক্ষতিগ্রস্ত হওয়ায় দুর্গতদের সহায়তা করতেও সমস্যা হচ্ছে।

এই দুর্যোগের মধ্যে উল্লেখযোগ্য একটি মর্মান্তিক ঘটনা ঘটেছে সোয়াত উপত্যকায়। সেখানে একটি পর্যটক পরিবারের ১৭ সদস্য নদীর স্রোতে ভেসে যান। চারজনকে জীবিত উদ্ধার করা গেলেও বাকি সবাই প্রাণ হারান। ছাদে আটকে পড়া পরিবারের আহাজারি ও সাহায্য চাওয়ার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হলে দেশজুড়ে জরুরি বিভাগের ধীর পদক্ষেপে তীব্র ক্ষোভ সৃষ্টি হয়।

স্থানীয় প্রশাসনকে সর্বোচ্চ সতর্ক অবস্থায় থাকতে বলেছে। পাশাপাশি পর্যটকদের দুর্যোগকবলিত অঞ্চলে ভ্রমণ না করার জন্য বারবার সতর্ক করা হচ্ছে। সংশ্লিষ্ট বিভাগগুলোকে প্রস্তুত থাকার নির্দেশ দিয়েছে কেন্দ্রীয় সরকার। বিশেষজ্ঞরা বলছেন, চলমান দুর্যোগ ২০২২ সালের ভয়াবহ বন্যার আশঙ্কা তৈরি করছে। সে সময় পাকিস্তানের এক-তৃতীয়াংশ এলাকা পানিতে তলিয়ে যায় এবং প্রাণ হারান প্রায় ১,৭৩৭ জন। ক্ষয়ক্ষতির পরিমাণ দাঁড়িয়েছিল প্রায় ৩০ বিলিয়ন মার্কিন ডলারে।

জলবায়ু পরিবর্তনের প্রভাবে দক্ষিণ এশিয়ার দেশগুলোতে এমন দুর্যোগের প্রকোপ বাড়ছে বলে মনে করছেন বিশেষজ্ঞরা। অপরিকল্পিত নগরায়ণ, বন উজাড় ও দুর্বল অবকাঠামো এসব দুর্যোগকে আরও ভয়াবহ করে তুলছে।

## কুতুবপুরে জামায়াতের নির্বাচনী

উল আলম। এ সময় আরও উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা জামায়াতের আমির মাওলানা সোহেল রানা, উপজেলা সেক্রেটারি ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী জাব্বারুল ইসলাম মাস্টার, কুতুবপুর ইউনিয়ন জামায়াতের আমির ইমদাদুল হক, ইউনিয়ন সেক্রেটারি পারভেজ হোসেন, ৪নং ওয়ার্ড সভাপতি তাসিরুল ইসলামসহ স্থানীয় জামায়াত নেতৃবৃন্দ। গণসংযোগ চলাকালে নেতারা বাজারের ব্যবসায়ী ও স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কুশল বিনিময় করেন এবং দেশের চলমান রাজনৈতিক পরিস্থিতি ও আসন্ন জাতীয় নির্বাচনে দলের অবস্থান তুলে ধরেন। তারা ন্যায় ও ইনসাফভিত্তিক রাষ্ট্র গঠনের জন্য জামায়াতে ইসলামীকে সমর্থনের আহ্বান জানান।

## "গ্রিন মেহেরপুর ২০২৫"

ইউনিয়নের যাদুখালি স্কুল অ্যান্ড কলেজ প্রাঙ্গণে এ কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। কর্মসূচির মাধ্যমে শুধু বৃক্ষরোপণ নয়, শিক্ষার্থীদের পরিবেশ সচেতনতা বৃদ্ধি, গাছের গুরুত্ব উপলব্ধি এবং প্রকৃতির প্রতি দায়িত্বশীলতা গড়ে তোলার দিকেও গুরুত্ব দেওয়া হচ্ছে। উদ্বোধনী আয়োজনে উপস্থিত ছিলেন কাম ফর হিউম্যানিটির ইয়ুথ লিডার ইমন বিশ্বাস, যিনি পুরো কার্যক্রমের তত্ত্বাবধানে ছিলেন। এছাড়া যাদুখালি স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ সাঈদ কামাল এবং অন্যান্য শিক্ষকবৃন্দও উপস্থিত ছিলেন। ইমন বিশ্বাস বলেন, "এই বৃক্ষরোপণ কার্যক্রম শুধু একটি এককালীন আয়োজন নয়, আমরা প্রতিটি গাছের যত্ন, পরিচর্যা ও বড় করে তোলার দায়ভার নিয়েই এই কার্যক্রম চালিয়ে যাচ্ছি।" অনুষ্ঠানে শিক্ষার্থীরা গাছ রোপণের পাশাপাশি পরিবেশবান্ধব শপথও গ্রহণ করে। শিক্ষাঙ্গনে গড়ে উঠতে যাচ্ছে সবুজ বেষ্টনী, যা আগামী প্রজন্মের জন্য একটি টেকসই পরিবেশ উপহার দেওয়ার প্রতিশ্রুতি বহন করে।

## দোহা বৈঠক শেষে হতাশা, আজ

দোহায় দুইটি পৃথক ভবনে এই আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনায় অংশ নেওয়া ফিলিস্তিনি এক কর্মকর্তা আন্তর্জাতিক গণমাধ্যমকে জানান, "প্রথম ধাপের বৈঠকে কোনো দৃশ্যমান অগ্রগতি হয়নি। পারস্পরিক বার্তা আদান-প্রদান করা হলেও অবস্থানগত পার্থক্য স্পষ্ট রয়ে গেছে।" মধ্যস্থতাকারীরা জানিয়েছেন, আজ সোমবার (৭ জুলাই) আবারও আলোচনা শুরু হওয়ার কথা রয়েছে। তারা দু'পক্ষের অবস্থানের মাঝে দূরত্ব ঘোচাতে এবং একটি সমঝোতায় পৌঁছাতে ইসরায়েল ও হামাসের সঙ্গে আলাদাভাবে বৈঠক করবেন। বিবিসির প্রতিবেদনে বলা হয়েছে, হামাস ঘনিষ্ঠ দুই ফিলিস্তিনি কর্মকর্তার মতে, ইসরায়েলি আলোচকরা "যথেষ্ট ক্ষমতাসম্পন্ন" নন। তাদের কথায়, "ওই দলের কাছে কোনো সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা ছিল না, তারা কেবল রাজনৈতিক বার্তা বহন করেছেন।" ফলে সিদ্ধান্তমূলক অগ্রগতি সম্ভব হয়নি। এই আলোচনার সময়েই ইসরায়েলি প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু যুক্তরাষ্ট্র সফরের প্রস্তুতি নিচ্ছেন। আজ (৭ জুলাই) তার মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। সেখানে যুদ্ধবিরতি ও গাজায় আটক জিম্মিদের মুক্তি ইস্যুতে আলোচনা হবে বলে আশা করা হচ্ছে। নেতানিয়াহু বলেন, "আমি আমার আলোচকদের সুনির্দিষ্ট নির্দেশনা দিয়েছি যে প্রস্তাব ইসরায়েলের নিরাপত্তার সঙ্গে সঙ্গতিপূর্ণ, কেবল সেটিই গ্রহণযোগ্য হবে।" অন্যদিকে, হামাস জানিয়েছে, তারা সর্বশেষ যুদ্ধবিরতি প্রস্তাবে ইতিবাচক মনোভাব দেখালেও এখনো সমঝোতার প্রধান বাধা কাটেনি। তাদের স্পষ্ট শর্তড় যেকোনো চুক্তির শেষে স্থায়ী যুদ্ধবিরতি ও ইসরায়েলি সেনা প্রত্যাহারের নিশ্চয়তা থাকতে হবে। এই বিষয়ে তারা এখনো অনড়। তবে নেতানিয়াহুর ডানপন্থী সরকার বারবার এই দাবিকে সরাসরি প্রত্যাখ্যান করেছে। আলোচনার পাশাপাশি গাজার ভেতরে ইসরায়েলি সেনাবাহিনীর অভিযান চলছেই। গত ২৪ ঘণ্টায় হামাসের ১৩০টি লক্ষ্যবস্তুতে হামলা চালানোর কথা জানিয়েছে ইসরায়েলি বাহিনী। এতে বেশ কয়েকজন হামাস যোদ্ধা নিহত হয়েছে বলেও দাবি করা হয়। তবে গাজার স্বাস্থ্য মন্ত্রণালয় জানায়, গতকাল রোববার (৬ জুলাই) দিনে অন্তত ৩০ জন বেসামরিক নাগরিক নিহত হয়েছেন ইসরায়েলি বোমা হামলায়। এর ফলে সামগ্রিক প্রাণহানি ও মানবিক সংকট আরও গভীর হচ্ছে। অবরোধের কারণে ত্রাণ প্রবেশ ব্যাহত হচ্ছে। ইতোমধ্যে জাতিসংঘ গাজায় 'আংশিক দুর্ভিক্ষ' পরিস্থিতি চলছে বলে সতর্ক করেছে। বিশেষজ্ঞরা বলছেন, দুই পক্ষের মধ্যে অচলাবস্থার কারণে যুদ্ধবিরতির সম্ভাবনা আবারও অনিশ্চয়তার মুখে পড়েছে। কাতার ও মিসরের মতো শক্তিশালী মধ্যস্থতাকারী থাকলেও বাস্তব পরিস্থিতিতে সংঘর্ষ ও রাজনৈতিক অবস্থান বাধা হয়ে দাঁড়িয়েছে।

## তুলা আবাদ বাড়াতে মেহেরপুরে কৃষি

কুষ্টিয়া জোনের উদ্যোগে মেহেরপুর তুলা উন্নয়ন অফিস প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে এসব উপকরণ বিতরণ করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম। সভাপতিত্ব করেন জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক শামসুল আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. খায়রুল ইসলাম। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন কুষ্টিয়া অঞ্চলের প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা শেখ আল মামুন, মেহেরপুর জেলার তুলা উন্নয়ন কর্মকর্তা এস. এম. ইজাজুল ইসলাম, চুয়াডাঙ্গার তুলা কর্মকর্তা সেল দেবাশীষ, তুলা চাষি প্রতিনিধি আব্বাস আলী, উদ্দিন রানা ও শরফত উল্লাহ প্রমুখ। অনুষ্ঠানে মেহেরপুর জেলার প্রায় ৮০ জন তুলা চাষির মাঝে ৬০০ গ্রাম হাইব্রিড তুলা বীজ, ২৫ কেজি ইউরিয়া, ৫০ কেজি টিএসপি, ৫০ কেজি পটাশ, ২ কেজি বোরণ, ২০০ মি.লি. ডাইফেনথউরোন, ১০০ মি.লি. স্পিনোসেড, ১৫০ মি.লি. ছত্রাকনাশক ও ৩০০ মি.লি. পিজিআর বিতরণ করা হয়। তুলা উন্নয়ন কর্মকর্তারা জানান, সময়োপযোগী এ প্রণোদনা চাষিদের উৎসাহ দেবে এবং দেশে তুলা উৎপাদনে ইতিবাচক ভূমিকা রাখবে।

## গাংনীতে যুগিন্দা ফুটবল টুর্নামেন্টে

করে। ম্যাচের একমাত্র গোলটি করেন শিমুল। টুর্নামেন্টে দুর্দান্ত পারফরম্যান্সের জন্য হৃদয় "ম্যান অব দ্য ম্যাচ" নির্বাচিত হন। খেলা শেষে আয়োজক জাহিদ ও রফন তার হাতে পুরস্কার তুলে দেন। স্থানীয় শতাধিক দর্শকের উপস্থিতিতে খেলাটি প্রাণবন্ত হয়ে ওঠে। আয়োজকদের দাবি, তরুণ সমাজকে খেলাধুলায় উৎসাহিত করতে এবং মাদকমুক্ত সমাজ গড়তে প্রতিবছরই এই আয়োজন করা হয়ে থাকে।

## গাংনীতে গাঁজাসহ যুবক আটক

অভিযান চালিয়ে তাকে আটক করে। এ সময় তার কাছ থেকে ৫০০ গ্রাম গাঁজা জব্দ করা হয়। আটকের পর তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে। মঙ্গলবার তাকে আদালতে পাঠানো হবে বলেও জানান পুলিশ কর্মকর্তা।

## ৮ জুলাই : সারাদেশে ৬৫ সদস্যের

এদিন অবরোধ কর্মসূচি শেষে দাবি আদায়ে সরকারকে তিন দিনের আল্টিমেটাম দেন আন্দোলনের অন্যতম সমন্বয়ক নাহিদ ইসলাম। আন্দোলন সফল করতে এদিন 'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের' ব্যানারে ৬৫ সদস্যের সমন্বয়ক কমিটি গঠন করা হয় । এর মধ্যে আন্দোলনে নেতৃত্ব দেওয়া ২৩ জনকে সমন্বয়ক এবং ৪২ জনকে সহ-সমন্বয়ক করা হয়।

এছাড়াও এদিন কোটা বাতিলে এক দফা কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে নতুন কর্মসূচি ঘোষণা করে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। কর্মসূচি অনুযায়ী, মঙ্গলবার (৯ জুলাই) ক্লাস-পরীক্ষা বর্জনসহ অনলাইন-অফলাইনে গণসংযোগ করা হবে। পরের দিন বুধবার (১০ জুলাই) সারাদেশে সর্বাত্মক ব্লকেড কর্মসূচি পালন করা হবে।

নাহিদ ইসলাম বলেন, মঙ্গলবার (৯ জুলাই) ব্লকেড কর্মসূচি থাকবে না। ছাত্র ধর্মঘট এবং ক্লাস-পরীক্ষা বর্জন কর্মসূচি পালন করা হবে। আমরা সারাদেশে সর্বাত্মক অবরোধ কর্মসূচির পরিকল্পনা করছি। এজন্য মঙ্গলবার সারাদেশে অনলআইন ও অফলাইনে গণসংযোগ করব। বুধবার সারাদেশে সর্বাত্মক ব্লকেড কর্মসূচি পালন করা হবে।

'বাংলা ব্লকেড' কর্মসূচির অংশ হিসেবে ৮ জুলাই রাজধানীর পাশাপাশি দেশের বিভিন্ন স্থানে সড়ক ও রেলপথ অবরোধ করেন বিশ্ববিদ্যালয় ও কলেজের শিক্ষার্থীরা। ঢাকা বিশ্ববিদ্যালয়সহ রাজধানীর বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের হাজার হাজার শিক্ষার্থী কর্মসূচিতে অংশ নেন।

এদিন বিকেল ৪টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের সামনে থেকে 'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন' ব্যানারে মিছিল বের করা হয়। মিছিলটি ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে কিছু অংশ কারওয়ান বাজার মোড়ে গিয়ে রাস্তা অবরোধ করে। আর কিছু অংশ শাহবাগ মোড়ে অবস্থান নেয়। এছাড়াও কারওয়ান বাজার থেকে ফার্মগেটমুখী মোড় অবরোধ করেন তেজগাঁও কলেজ ও সরকারি তিতুমীর কলেজের শিক্ষার্থীরা।

গাবতলী হয়ে ঢাকায় প্রবেশ পথ বন্ধ করে দেন মিরপুর সরকারি বাঙলা কলেজের শিক্ষার্থীরা। এর ফলে ঢাকায় যান চলাচল স্থবির হয়ে পড়ে। পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী বিকেলে চারটার দিকে সায়েন্সল্যাব মোড় অবরোধ করেন ঢাকা কলেজ ও ইডেন মহিলা কলেজের শিক্ষার্থীরা।

'বাংলা ব্লকেড' কর্মসূচিতে রাজধানী ঢাকা কার্যত অচল হয়ে পড়ায় ডিজিএফআই পরবর্তী কর্মসূচি ক্যাম্পাসে সীমাবদ্ধ রাখতে সমন্বয়কদের চাপ দিতে থাকে। সোমবার ব্লকেড শুরু হওয়ার আগেই নাহিদ ইসলাম, সারজিস আলম, হাসনাত আবদুল্লাহ, আসিফ মাহমুদ সজিব ভূঁইয়া ও আবু বাকেরকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কার্যালয় সংলগ্ন লাউঞ্জে ডেকে নিয়ে যাওয়া হয়। এদিন 'বাংলা ব্লকেড' কর্মসূচি ছিল বিকেলে ৩ টা থেকে। সমন্বয়করা যাতে ঠিক সময়ে কর্মসূচিতে উপস্থিত হতে না পারে, সেই জন্যই আলোচনার নামে কালক্ষেপণ করতে থাকেন ডিজিএফআই'র কর্মকর্তা।

এদিকে রাজধানীর পুরান ঢাকার বিভিন্ন সড়কে অবস্থান নেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। বিকেল সাড়ে তিনটার দিকে শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় থেকে মিছিল নিয়ে বাংলাবাজার, ভিক্টোরিয়া পার্ক ও রায়সাহেব বাজার হয়ে তাঁতীবাজার মোড় অবরোধ শেষে বংশালে এসে পৌঁছালে পুলিশ সেখানে ব্যারিকেড দেয়। পরে ব্যারিকেড ভেঙে সচিবালয়ের সামনে জিপিও মোড় অবরোধ করেন শিক্ষার্থীরা। সন্ধ্যা ৭টার দিকে অবরোধ তুলে নিলে যান চলাচল স্বাভাবিক হয়।

বাংলা ব্লকেড কর্মসূচির অংশ হিসেবে ঢাকা-রাজশাহী রেললাইন অবরোধ করে বিক্ষোভ করেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। এর আগে সকালে বিশ্ববিদ্যালয়ের প্যারিস রোডে মানববন্ধন করেন তারা। পরে মিছিল নিয়ে বিশ্ববিদ্যালয়ের মেহেরচন্ডী সংলগ্ন ঢাকা-রাজশাহী রেলপথে অবস্থান নেন।

এদিন বিকেল ৩টার দিকে ঢাকা-আরিচা মহাসড়ক অবরোধ করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আন্দোলনরত শিক্ষার্থীরা। এতে সড়কের উভয় লেনে দীর্ঘ যানজটের সৃষ্টি হয়।

এছাড়াও টানা তৃতীয় দিনের মতো ঢাকা-ময়মনসিংহ রেলপথে ট্রেন আটকে আন্দোলন করেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) শিক্ষার্থীরা। এদিন দুপুর দেড়টা থেকে সোয়া ৩টা পর্যন্ত কৃষি বিশ্ববিদ্যালয়ের জব্বারের মোড়-সংলগ্ন এলাকায় জামালপুর এক্সপ্রেস ট্রেন আটকে রেললাইন অবরোধ করেন তারা। এদিন সিলেট-সুনামগঞ্জ সড়ক অবরোধ করেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) শিক্ষার্থীরা। ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক অবরোধ করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও চট্টগ্রাম কলেজের শিক্ষার্থীরা। ঢাকা সাতক্ষীরা মহাসড়ক অবরোধ করেন খুলনা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। ঢাকা-রংপুর মহাসড়ক অবরোধ করেন বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা।

## মেহেরপুরে আসছেন একদফার

প্রান্তিক জনগণের সঙ্গে সরাসরি মতবিনিময়, জাতীয় রাজনীতির বিকল্প রূপরেখা উপস্থাপন এবং নতুন ধরনের রাজনৈতিক ভাবনার প্রচার। সফরের সূচি অনুযায়ী, মঙ্গলবার দুপুর ১টা ৩০ মিনিটে গাংনী বাজারে পদযাত্রা ও পথসভা অনুষ্ঠিত হবে। এরপর বিকেল ৪টায় শহরের প্রাণকেন্দ্র শহীদ ডা. সামসুজ্জোহা নগর উদ্যানে অনুষ্ঠিত হবে এক বর্ণাঢ্য সমাবেশ। সমাবেশ শেষে নগর উদ্যান থেকে পশুর হাট পর্যন্ত একটি গণমুখী পদযাত্রা অনুষ্ঠিত হবে। সন্ধ্যায় এনসিপির নেতারা মুজিবনগরে পৌঁছে সেখানে একটি পথসভা করবেন এবং এনসিপির মুজিবনগর উপজেলা অফিসের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। এ সফরে নাহিদ ইসলামের সঙ্গে থাকবেন এনসিপির মুখ্য সংগঠক হাসনাত আব্দুল্লাহ, কেন্দ্রীয় নেতা সারজিস আলম সহ কেন্দ্রীয় কমিটির একঝাঁক তরুণ নেতৃত্ব।

দলটির কেন্দ্রীয় নেতারা জানান, 'জুলাই পদযাত্রা' হচ্ছে একটি ঐতিহাসিক রাজনৈতিক উদ্যোগ, যার মাধ্যমে মানুষের কাছে গিয়ে তাদের কথা শোনা, চিন্তা বোঝা এবং গণমুখী রাষ্ট্র গঠনের রূপরেখা তৈরি করাই লক্ষ্য। পদযাত্রাকে ঘিরে মেহেরপুর জেলা ও উপজেলার নেতাকর্মীদের মধ্যে ব্যাপক উদ্দীপনা তৈরি হয়েছে। সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচার, লিফলেট বিতরণ, পোস্টারিংসহ বিভিন্ন প্রচার-প্রচারণা চালানো হচ্ছে।

## গাংনীর হাড়িয়াদহে ব্যবসায়ীর বাড়িতে ডাকাতি

পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। গাংনী থানার তদন্ত কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন জানান, ভুক্তভোগী একজন ডাকাতকে শনাক্ত করেছেন। মামলার প্রক্রিয়া চলছে এবং দ্রুত অভিযানে জড়িতদের গ্রেফতার করা হবে।

## পরিবারের চারজন গেছে, এখন

তার পরিবারে নেই। একসময় পাখিভ্যান চালিয়ে স্বপ্ন দেখেছিল সুস্থ জীবনের। নিজের হাতে ঘুরিয়ে তুলেছিল পরিবারের সংসার। কিন্তু এখন সেই জীবন যেন স্ত্রী সীত তুষারের পাশে দাঁড়িয়ে কাঁদছে আর বলেছেন ।"এক জায়গায় দাঁড়িয়ে থাকলে শরীর কাঁপতে থাকে, আর পড়ে যাই," বুকের ব্যথা নিয়ে তুষার বলেন, "আমাদের সংসার চালানো তো দূরের কথা, আজ ছেলে-মেয়ে আর পরিবারের তিনজন সদস্যকে দু'বেলা খাবার জোগাড় করাও হয়ে উঠেছে এক অসম্ভব চেষ্টা। চিকিৎসার স্বপ্ন আমাদের কাছে আজ অজানা এক পরি গল্প মাত্র।" আরও করুণ সত্য হলো তুষারের বাবা, দাদা, মেজ চাচা, বোন চারজনই একই রোগে হারিয়েছেন জীবন। পরিবারের কাঁধে লেগেছে বংশগত এই জ্বালা, যার নাম আজও জানে কেউ না। শ্রান্ত চোখে মেজ কাকি পুষ্প লতা মন্ডল জানালেন, "আমাদের চারজন চলে গেছে, এখন তুষারও ধীরে ধীরে মারা যাচ্ছে," । স্থানীয়দের সাহায্যে তুষার চেষ্টা করেছেন নতুন করে পাখিভ্যান চালানোর, কিন্তু ভেঙে পড়া শরীর আর সইল না। এখন ঘরে শুধু অভাব, নিঃস্বতা আর অন্ধকার।